

## জানুয়ারি/২০১৮ মাসে অনুষ্ঠিত লালপুর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ নজরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর
তারিখ	: ০৮ জানুয়ারি, ২০১৮ সময় : বেলা ১০.০০ টা
স্থান	: উপজেলা পরিষদ সভা কক্ষ, লালপুর, নাটোর
উপস্থিত সমস্য	: স্বাক্ষরের ক্রমানুসারে ২১ জন পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত এবং নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি বলেন আগামী ১১-১৩ জানুয়ারি/২০১৮ তারিখ ৩ দিন ব্যাপি জাতির পিতা বঙাবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃদেশ প্রত্যাবর্তন উপলক্ষে দেশব্যাপি উন্নয়ন মেলার আয়োজন করা হবে। সকল সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এবং এনজিও'দের সমন্বয়ে নর্থ বেঙ্গল সুগর মিলস হাই স্কুল মাঠে উপজেলা পর্যায়ের উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। সভাপতি বলেন মেলায় বর্তমান সরকারের বিভিন্ন বিভাগের মাধ্যমে বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম প্রদর্শন করা হবে। সভাপতি সকল বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে উন্নয়ন মেলায় উপস্থিত থাকার অনুরোধ জানান। অতঃপর সভাপতি জানান লালপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং এ ধারা অব্যাহত প্রত্যাশা ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনাটে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্য সূচী-০১ : উপজেলার অপরাধ দমন ও উপজেলার আইন শৃঙ্খলার উন্নয়ন :

সভাপতি লালপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধ দমন সংক্রান্ত বিষয়ে আলোচনা করার জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানাকে অনুরোধ জানান। সভায় উপস্থিত লালপুর থানার অফিসার ইনচার্জ জনাব মো. আবু ওবায়েদ জানান যে, বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে। তিনি বলেন গত মাসে ২৫টি মামলা হয়েছে। মাদক সংক্রান্ত-১৬টি; ধর্ষন-০১ টি; খুন-০১টি এবং অন্যান্য মামলা-০৭টি। অফিসার ইনচার্জ আরো বলেন বর্তমানে লালপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে এবং আগামীতেও ভাল রাখার প্রচেষ্টা অব্যাহত থাকবে। সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার পরামর্শ দেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর সভায় জানান যে, বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে এবং এ ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

জনাব মোঃ আফতাব হোসেন (বুলফু), সভাপতি, উপজেলা আওয়ামী লীগ, লালপুর, নাটোর সভায় বলেন যে, লালপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে।

চেয়ারম্যান, আড়বাব ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর সভায় জানান যে, তার এলাকায় মাঝে মাঝে অটোরিকসা চুরির ঘটনা ঘটছে যা প্রতিরোধ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন।

এছাড়াও চেয়ারম্যান, লালপুর, চংধুপইল, দুড়দুড়িয়া এবং এবি ইউনিয়ন, লালপুর সকলেই উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল থাকার জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ক্র.ন.	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবক/শিক্ষকসহ সকলকে সচেতন থাকতে হবে। বাল্যবিবাহ/মাদক/চোরাচালান সহ যে কোন ধরণের অগ্রাধের সংবাদ/থবর পেলে তা তৎক্ষণিকভাবে অফিসার ইনচার্জ, লালপুর থানা এবং উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোরকে অবহিত করতে হবে। এছাড়াও সার্বিক কার্যক্রমে থানার পাশাপাশি জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের পক্ষিয় ভূমিকা পালনের জন্য অনুরোধ জানানো হয়। ইউপি চেয়ারম্যানগণ তাঁদের ইউপি সদস্য এবং গ্রামপুলিশের	১. অফিসার, ইন- চার্জ, লালপুর থানা ২. সকল ইউপি চেয়ারম্যান/সদস্য

	মাধ্যমে খবর অনুসন্ধান এবং অফিসার ইনচার্জ, লালপুর থানাকে অবহিত করবেন। সভাপতি বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে বলেন যে, কোন এলাকায় বাল্য বিবাহ হলে তার দায়িত্ব জনপ্রতিনিধিদের নিতে হবে এছাড়াও বাল্য বিবাহ সংক্রান্ত তথ্য সরবরাহ করার জন্য তিনি কাজীদের ধন্যবাদ জ্ঞাপন করেন।	
০২	ইউটিজিঃ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যে কোন প্রতিষ্ঠান প্রধানের নিকট ইউটিজিঃ বিষয়ে তথ্য/অভিযোগ থাকলে তা উপজেলা নির্বাহী অফিসার/অফিসার ইনচার্জ/সংশ্লিষ্ট ইউপি, চেয়ারম্যানদের অবহিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পরামর্শ দেন।	১. অফিসার, ইন- চার্জ, লালপুর থানা ২. সকল ইউপি  চেয়ারম্যান/সদস্য

### আলোচ্য সূচী-০২ ভ্রাম্যমান আদালত সংক্রান্ত

সভাক উপস্থিত সকলেই নিচের ভ্রাম্যমান আদালত পরিচালন কর সভাপ্রতিক অনুরোধ করন

ক্র.ন.	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সভাপতি ভ্রাম্যমান আদালত পরিচালনায় সার্বিক সহযোগিতা করার জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা জানান।	সহকারী কমিশনার (ডুর্মি)/অফিসার-ইন-চার্জ, লালপুর থানা

### আলোচ্য সূচী : ০৩- বাল্য বিবাহ প্রতিরোধ:

সভাপতি বাল্য বিবাহ প্রতিরোধের জন্য সকল চেয়ারম্যান/ইউপি সদস্য/কাজী/ শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষমতাক/প্রাপ্তপূর্বক সহ  
সংশ্লিষ্ট সকলকে তৎপর ধর্মক অনুরোধ করেন। সভাপতি বাল্য বিবাহ প্রতিরোধে বিশেষ করে কার্টুনের স্তরীভূত কার্তুন  
করার পরামর্শ দেন। সভাপ্রতি বক্তৃ বিবহ সংক্রান্ত কেন খবর/তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ  
চেয়ারম্যান/অফিসার ইনচার্জ, লালপুর থানা উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোরকে অবহিত করার অনুরোধ করন।

ক্র.ন.	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বাল্য বিবাহের খবর/তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে চেয়ারম্যান/অফিসার ইনচার্জ, লালপুর থানা এবং উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোরকে অবহিত করতে হবে। এছাড়াও সভাপতি বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়ে জনপ্রতিনিধিসহ কাজীদের সতর্ক থাকার পরামর্শ দেন।	১. অফিসার ইনচার্জ, লালপুর থানা ২. সকল ইউপি, চেয়ারম্যান/সদস্য ৩. কাজী (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আইন-শৃংখলাসহ যে  
কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে নিম্নস্থানকারীকে এবং অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরকে জানানোর  
অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(মোঃ নজরুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
লালপুর, নাটোর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
লালপুর, নাটোর

স্টেডেন নং-১৪-০৫.৩০.৮৯৮৮.০০০.০৬.০০১.১৬-৪১

তারিখ: ০১ মাঘ, ১৪২৪  
১৪ জানুয়ারি, ২০১৮

চন্দনী সদৃশ জ্ঞাত্যে জ্ঞাত্যে ও কর্যালয়ে:

১. চন্দনী সদৃশ সদৃশ, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগতিপাড়া)
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৩. পুলিশ স্টুপার, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৫. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর।
৬. চেয়ারম্যান.....ইউপি, লালপুর, নাটোর।

  
(মোঃ নজরুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

লালপুর, নাটোর

৫

সভাপতি

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি  
লালপুর, নাটোর।

